

## 💵 বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ৮৭২

পর্ব - ৭ঃ ক্রয়-বিক্রয়ের বিধান (كتاب البيوع)

পরিচ্ছেদঃ ৭. আপোষ মীমাংসা - শরীয়ত বিরোধী না হলে সন্ধি করা জায়েয

## আরবী

عَنْ عَمْرِو بْنِ عَوْفٍ الْمُزَنِيِّ \_ رضي الله عنه \_ أَنَّ رَسُولَ اللَّهِ \_ صلى الله عليه وسلم \_ قَالَ: «الصُّلْحُ جَائِزٌ بَيْنَ الْمُسْلِمِينَ, إِلَّا صُلْحًا حَرَّمَ حَلَالًا وَ أَحَلَّ حَرَامًا، وَالْمُسْلِمُونَ عَلَى شُرُوطِهِمْ, إِلَّا شَرْطًا حَرَّمَ حَلَالًا وَ أَحَلَّ حَرَامًا». رَوَاهُ التِّرْمِذِيُّ وَصنحَّحَهُ

وَأَنْكَرُوا عَلَيْهِ; لِأَنَّ رَاوِيَهُ كَثِيرَ بْنَ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرِوِ بْنِ عَوْفٍ ضَعِيفٌ وَكَأَنَّهُ اعْتَبَرَهُ بِكَثْرَةِ طُرُقِهِ

## বাংলা

৮৭২. আমার বিন আওফ (রাঃ) থেকে বর্ণিত যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন- মুসলিমদের মধ্যে আপোষ-মীমাংসা করা বৈধ কাজ, তবে তার দ্বারা হালালকে হারাম ও হারামকে হালাল করা হলে তা অবৈধ হবে। মুসলিম ব্যক্তি স্বীয় শর্তাদি পালনেও বাধ্য, তবে ঐ শর্ত পালনে বাধ্য নয় যার দ্বারা হালাল বস্তুকে হারাম ও হারাম বস্তুকে হালাল করা হয়। -তিরমিয়ী হাদীসটিকে সহীহ বলেছেন। অন্যান্য মুহাদ্দিস মুনকার বলেছেন। কেননা এ হাদীসের রাবী 'কাসীর বিন 'আবদুল্লাহ বিন আমর বিন আওফ দুর্বল।[1] তিরমিয়ী সম্ভবতঃ সানাদের আধিক্যতা হেতু হাদীসটিকে সহীহ বলেছেন।[2]

## ফুটনোট

- [1] বরং আবূ দাউদ এবং শাফিয়ী (রঃ) বলেছেন, সে মিথ্যার স্তম্ভগুলোর মধ্যে অন্যতম একটি স্তম্ভ। অর্থাৎ সে বড় মিথ্যুক।
- [2] তিরমিযী ১৩৫২, ইবনু মাজাহ ২৩৫৩।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আমর ইবনু 'আওফ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন